

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

মূল্যায়ন - ১

দশম শ্রেণি

বাংলা

পূর্ণমান - ৪০

সময় - ১ ঘন্টা ১০ মিনিট

১. সঠিক উত্তরটি নির্বাচন করোঃ (১×১৫=১৫)

১.১. কবি শঙ্খ ঘোষের লেখা একটি কবিতাগ্রন্থ -

(ক) প্রভু নষ্ট হয়ে যাই (খ) হঠাৎ নীরার জন্য

(গ) সদর স্ট্রিটের বারান্দা (ঘ) দিনগুলি রাতগুলি

১.২. শিশুদের শব ছড়ানো রয়েছে -

(ক) দূরে দূরে (খ) চারিপাশে

(গ) কাছে দূরে (ঘ) বহু দূরে

১.৩. 'অসুখী একজন' কবিতার কবির জন্মস্থান -

(ক) চিলি (খ) ইকুয়েডর

(গ) নিকারাগুয়া (ঘ) জাম্বিয়া

১.৪. শান্ত হলুদ দেবতারা ধ্যানে ডুবেছিল -

(ক) বহুবছর (খ) একটার পর একটা বছর

(গ) হাজার বছর (ঘ) একটা বছর

১.৫. 'ক্রমশ ও কথাটাও ছড়িয়ে পড়ে।' কথাটি -

(ক) নতুন মেসো লেখক (খ) নতুন মেসো গল্প লেখে

(গ) তপন গল্প লিখেছে (ঘ) কারেকশানের কথা

১.৬. ছোটোমাসি তপনের চেয়ে বড়ো বছর -

(ক) আষ্টেকের (খ) ছয়েকের

(গ) নয়েকের (ঘ) দশেকের

১.৭. বিরাগীকে তীর্থভ্রমণের জন্য জগদীশবাবু দেন -

(ক) একশো টাকা (খ) একশো এক টাকা

(গ) পাঁচশো টাকা (ঘ) এক হাজার এক টাকা

১.৮. পুলিশ সেজে হরিদা দাঁড়িয়েছিল দয়ালবাবুর -

(ক) আমবাগানে (খ) জামবাগানে

(গ) লিচুবাগানে (ঘ) পেয়ারাবাগানে

১.৯. এখন প্রশ্ন পড়ছি। - বাক্যের কর্তাটি -

(ক) প্রযোজক কর্তা (খ) প্রযোজ্য কর্তা

(গ) উহ্য কর্তা (ঘ) নিরপেক্ষ কর্তা

১.১০. দ্বিকর্মক ক্রিয়ার প্রাণীবাচক কর্মটি হল -

(ক) মুখ্যকর্ম (খ) সমধাতুজ কর্ম

(গ) উদ্দেশ্য কর্ম (ঘ) গৌণ কর্ম

১.১১. করণ ইন্দ্রিয়গ্রাহ্য হলে তাকে বলা হয় -

(ক) যন্ত্রাত্মক করণ (খ) উপায়াত্মক করণ

(গ) হেতুময় করণ (ঘ) উপলক্ষণ করণ

১.১২. মেসির চেয়ে রোনাল্ডো লম্বা। বাক্যে ব্যবহৃত অপাদান -

(ক) দূরত্ববাচক (খ) বিবৃতিবাচক

(গ) তারতম্যবাচক (ঘ) অবস্থানবাচক

১.১৩. অংশ বা অঙ্গ সম্পর্কের উদাহরণ -

(ক) খাঁচার পাখি (খ) টিনটিনের কুকুর

(গ) কাগজের ঠোঙা (ঘ) হাতের আঙুল



১.১৪. সম্বোধন পদকে ইংরেজিতে বলে -

(ক) Possessive Case (খ) Vocative Case

(গ) Nominative Case (ঘ) Objective Case

১.১৫. সম্বন্ধ পদের নিজস্ব বিভক্তি -

(ক) এ (খ) তে

(গ) এর (ঘ) রে

২. কমবেশি ২০ শব্দে উত্তর দাওঃ (১×৯=৯)

২.১. শঙ্খ ঘোষের ছদ্মনাম কী?

২.২. 'সব চূর্ণ হয়ে গেল' - কাব্যবর্ণনানুযায়ী কী কী চূর্ণ হয়ে গেছিল?

২.৩. সূচিপত্রে কী লেখা ছিল?

২.৪. 'চারজনের সকাল-সন্ধ্যার আড্ডার ঘর' - চারজন কারা?

২.৫. উপকারক কাকে বলে?

২.৬. সমধাতুজ কর্মের উদাহরণ পূর্ণবাক্যে দেখাও।

২.৭. বাংলাভাষার কারক নির্ণয়ে যথার্থ বিভক্তি কোনগুলোকে বলা হয়?

২.৮. অমুক তপনের লেখা ছাপিয়ে দিয়েছে। চিহ্নিতাংশের কারক বা অকারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৯. ব্যাপ্ত কালাধিকরণের উদাহরণ দাও।

৩. কমবেশি ৬০ শব্দে উত্তর দাও। (৩×৪=১২)

৩.১. নতুন মেসোকে দেখে কীভাবে তপনের জ্ঞানচক্ষু খুলে যায়?

৩.২. 'খুব হয়েছে হরি, এইবার সরে পড়ো।' - বক্তা কে? যে ঘটনার সূত্রে এই মন্তব্য সেই ঘটনাটি বিবৃত করো।

৩.৩. 'তবু তো কজন আছি বাকি' - মন্তব্যটির মর্মাথ বোঝাও।

৩.৪. 'বাড়িরা খুন হলো' - বলতে কবি কী বুঝিয়েছেন?

৪. বঙ্গানুবাদ করোঃ (৪)

The autobiography of Salvador Dali is 'Diary of a genius'. 'Diary of a genius covers his life - and inner life - from 1952 to 1963. This book will prove that the daily life of a genius is essentially different .